

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৫৭

১/ বিবিধ

আরবী

إياك والسرف، فإن أكلتين في يوم من السرف  
موضوع

ذكره الغزالي في " الإحياء " (3 / 78) أن النبي صلى الله عليه وسلم قال ذلك لعائشة  
وقال الحافظ العراقي في تخريجه: رواه البيهقي في " الشعب " من حديث عائشة  
وقال: في إسناده ضعف  
قلت: ونص الحديث كما في " الترغيب " (3 / 124) : عن عائشة قالت: رأني رسول  
الله صلى الله عليه وسلم وقد أكلت في اليوم مرتين فقال: " يا عائشة أما تحبين أن  
يكون لك شغل إلا جوفك؟ الأكل في اليوم مرتين من الإسراف (والله لا يحب  
المسرفين)

وفي رواية: " يا عائشة اتخذت الدنيا بطنك؟ ! أكثر من أكلة كل يوم سرف (والله لا  
يحب المسرفين) " رواه البيهقي، وفيه ابن لهيعة  
قلت: هو ضعيف من قبل حفظه، وقد روي بنحوه من حديث أنس، فانظر الحديث  
(241)

ثم وقفت على إسناده عند البيهقي في " الشعب " (2 / 158 / 1) فتبين أن فيه علة  
أخرى هي مما يزداد الحديث بها ضعفا، فإنه قال: أخبرنا أبو عبد الرحمن السلمي  
بسنده عن ابن لهيعة عن أبي الأسود عن عروة عن عائشة ... به  
وأبو عبد الرحمن هذا اسمه محمد بن الحسين الصوفي، قال محمد بن يوسف القطان

كان يضع الأحاديث للصوفية، ثم رواه (2 / 161 / 2) من طريق خالد بن نجيح  
المصري حدثنا عبد الله بن لهيعة به نحوه، وخالد هذا، قال أبو حاتم: كذاب يفتعل  
الحديث

বাংলা

২৫৭। তুমি তোমাকে অপচয় করা হতে বাঁচাও, কারণ দিনে দু'বার খাবার গ্রহণ করা অপচয়ের অন্তর্ভুক্ত।

হাদীসটি জাল।

এটি গাযালী “আল-ইহইয়া” গ্রন্থে (৩/৭৮) উল্লেখ করেছেন। হাফিয ইরাকী তার “আত-তাখরীজ” গ্রন্থে বলেনঃ হাদীসটি বাইহাকী “আশ-শু'য়াব” গ্রন্থে আয়েশা (রাঃ)-এর হাদীস হতে বর্ণনা করে বলেছেনঃ এটির সনদ দুর্বল। মুনযেরী বলেনঃ হাদীসটি বাইহাকী বর্ণনা করেছেন। তাতে বর্ণনাকারী ইবনু লাহীয়াহ রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ তিনি তার হেফযের দিক থেকে দুর্বল। অতঃপর আমি বাইহাকীর নিকট “আশ-শু'য়াব” গ্রন্থে (২/১৫৮/১) হাদীসটির সনদ সম্পর্কে অবহিত হই এবং আমার নিকট স্পষ্ট হয়ে যায় যে, এটিতে অন্য কারণও রয়েছে যা এটির দুর্বলতাকে বৃদ্ধি করেছে। কারণ এটির সনদে আবু আব্দির রহমান আস-সুলামী রয়েছে। তার নাম মুহাম্মাদ ইবনুল হাসান আস-সুফী। তার সম্পর্কে মুহাম্মাদ ইবনু ইউসুফ আল-কাত্তান বলেনঃ তিনি সুফীদের জন্য হাদীস জাল করতেন। অতঃপর বাইহাকী (২/১৬১/২) খালিদ ইবনু নাজীহ আল-মিসর সূত্রেও বর্ণনা করেছেন।

এ খালিদ সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি মিথ্যুক, হাদীস জাল করতেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5517>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন